RANGAMATI RAJBARI

CHITTAGONG HILL TRACTS.

৫ই এপ্রিল, ১৯০৯ ইংরাজী;

২৩শে চৈত্র, ১৩১৫ বাঙ্গালা।

প্রিয় মহাশয়,

পরম প্রীতির সহিত আপনার উপহারখানি গ্রহণ করিলাম, এই নিমিত্ত আন্তরিক অশেষ ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। ইহা পড়িতে পড়িতে মনে হইয়াছিল, কেহ যেন পটবিশেষে আমাদের চাক্‌মাজাতির আগত বিগত সকল ঘটনাই অতি নিখুঁতরূপে অঙ্কিত করিয়া সম্মুখে ধরিয়াছেন। বস্তুতঃ আপনি চাক্‌মাজাতিকে কত ভালবাসিয়া থাকেন, তাহা এতদ্দ্বারা অধিকতররূপে হৃদয়ঙ্গম করা যায়। আপনার অপূর্ব্ব পর্য্যবেক্ষণ ও অনুসন্ধিৎসু-ক্ষমতা—সর্ব্বোপরি অসাধারণ বর্ণনাশক্তি প্রভাবে চাক্‌মাজাতি এমনি উপাদেয় হইয়াছে যে, অপরের ত কথাই নাই—চাক্‌মাগণেরও প্রত্যেকে স্বজাতিসম্বন্ধায় কিছু না কিছু নূতন জ্ঞান লাভ করিবে; এবং এই কঠোর যত্ন ও পরিশ্রমের গুরুত্ব সমগ্র চাক্‌মাসমাজ অতি কৃতজ্ঞ অন্তরে চিরদিন স্মরণ করিবে। ইতি

ভবদীয়

( স্বাক্ষর ) শ্রীভুবনমোহন রায়,

চাক্‌মারাজা।

# নিবেদনম্—

বাল্যকাল হইতে পুণ্যবতী জননীর শ্রীপদপ্রান্তে বসিয়া প্রাতঃস্মরণীয়া কালিন্দী রাণীর অলৌকিক চরিত্রকথা শুনিতে শুনিতে কতদিন যে অশ্রুবারিতে তাঁহায় অর্ঘ্য প্রদান করিয়াছি, তাহার সংখ্যা হয় না; সেই সঙ্গে সঙ্গে তদীয় বিস্তৃত জীবনী জানিবার এক আগ্রহ-বীজ এই মরুহৃদয়ে উপ্ত হয়। তাহার পর সংসারের কত ঘাতপ্রতিঘাত এ জীবনের উপর দিয়া বহিয়া গিয়াছে, কে তাহার অবধি করে? অবশেষে যখন অবস্থার অন্য এক আবর্ত্তনে এই রাঙামাটি গভর্ণমেণ্ট উচ্চইংরাজীস্কুলে সহকারীশিক্ষক নিযুক্ত হইয়া আসি, তখন পুনরায় সেই বাল্য-আকাঙ্ক্ষা জাগ্রত হইয়া উঠে। আমার এই চাকরী ভাল কি মন্দের নিমিত্ত হইয়াছে বলিতে পারি না, তবে ইহা নিশ্চিত যে—এখানে না আসিলে উক্ত আশাবীজ অঙ্কুরিত না হইতেই দারুণ দারিদ্র্যদহনে বিনষ্ট হইয়া যাইত।

আজ আমার এই কার্য্যের অষ্টম বর্ষ আরম্ভ হইল। প্রায় প্রথম বৎসরেক স্থানীয় ভাবগতিকের সহিত পরিচিত হইতেই কাটিয়া যায়; সেই সঙ্গে সঙ্গে কর্ত্তব্য একরূপ স্থির করিয়া লইয়াছিলাম। অনন্তর এই পার্ব্বত্যপ্রদেশের ইতিহাস সঙ্কলনেও প্ররোচনা জন্মে। কিন্তু যখন শুনিতে পাইলাম যে, স্থানীয় প্রধান শাসনকর্ত্তামহোদয় স্বয়ংই একার্য্যে হস্তক্ষেপ করিয়াছেন, তখন আমি তদনুরূপ সঙ্কলনে বিরত হইয়া দেশের ঐতিহাসিক ও ভৌগলিক ইতিবৃত্তের সহিত মহীয়সী মহিষী কালিন্দীরাণী এবং তদীয় রাজবংশের তথা সমগ্র চাক্‌মা সমাজের বিস্তারিত বিবরণীপূর্ণ বর্ত্তমান গ্রন্থ প্রণয়নে তৎপর হই। কিন্তু হায়, অর্থ কি ক্ষমতাশূন্য ব্যক্তির পুরাতত্ত্বানুসন্ধিৎসু হইতে যাওয়া কি বিষম বিড়ম্বনা, তাহা যদি কেহ কখনও আমার ন্যায় অবস্থায় পড়িয়া থাকেন, তবে হৃদয়ঙ্গম করিতে পারিবেন। বিশেষতঃ দুরারোহ শৈলশৃঙ্গ, দুর্গম পার্ব্বত্যপথ, দুর্জ্ঞেয় পাহাড়ীরহস্য—অন্য পরে কা কথা—পার্শ্ববর্ত্তী দেশবাসী আমার পক্ষেও বহু অন্তরায় ঘটাইতেছিল! তথাপি বলিতে কি, কর্ম্মক্লান্তজীবনের প্রাণপণ শ্রম, কষ্টোদ্ভূত অর্থ ইত্যাদি দরিদ্রসম্বল যাহা কিছু অকাতরে প্রদান করিয়াও, অনেক স্থলে হতাশ হইতে হইয়াছে। আমি যে অজ্ঞাত জনমণ্ডলীকে দেশের সমক্ষে আনিয়া পরিচিত করিতে এত যত্নশীল, তাহারা কিন্তু তাহাতে কেমন এক ভীতিপূর্ণ সঙ্কোচ বোধ করিতেছিল, তদ্দ্বারা বড়ই বেগ পাইয়াছি। এমন কি তাহাদের অভাব অভিযোগের সংবাদ লইতে গিয়াও আমায় বহু বাধা পাইতে হইয়াছে। যাহা হউক, এইরূপ অনির্ব্বচনীয় কষ্টে প্রায় চারি বৎসর কালের অক্লান্ত চেষ্টায় উপাদান সংগৃহীত হইলেও, অতি শঙ্কিতভাবে সঙ্কলন কার্য্যে প্রবেশ করিয়াছি। কারণ সাহিত্য ক্ষেত্রে এই উদ্যম সম্ভবতঃ অভিনব, সর্ব্বাঙ্গসম্পূর্ণ কোন একখানি জাতীয় ইতিবৃত্তের সংবাদ এ যাবৎ পাওয়া যায় নাই। প্রবন্ধ বা পুস্তিকাকারে কোন কোন জাতীয়কাহিনী লিপিবদ্ধ হইয়াছে বটে, তৎসমুদয়ের ধারাবাহিক কোন শৃঙ্খলা পাওয়া যায় না। বিশেষতঃ বিরাট একটি জাতি-পরিচয়ের তুলনায় তথাকথিত বিবরণী অতীব সামান্য। এই গ্রন্থও তৎপক্ষে যথেষ্ট নহে, তবে তদুপযোগী করিতে লেখক যথাসাধ্য যত্ন করিয়াছেন—ইহাই তাঁহার একমাত্র সান্ত্বনা! এবং গত এই কয় বৎসরের দুঃসহ শ্রমসাধনার ফলে—সহৃদয় পাঠক-পাঠিকাগণের হৃদয়পটে অপূর্ব্ব রহস্য সমাচ্ছন্ন বক্ষ্যমাণ পার্ব্বত্যজাতির এক অস্পষ্ট ছায়া চিত্রণে সমর্থ হইলেও তিনি আপনাকে কৃতার্থ জ্ঞান করিবেন।

প্রণয়নের সঙ্গে সঙ্গেই ইহার কতিপয় বিভিন্ন পরিচ্ছেদ ভারতী, প্রবাসী, সাহিত্য, কল্পতরু, বৌদ্ধবন্ধু, পরিষৎপত্রিকা প্রভৃতি বিবিধ মাসিক পত্রে প্রবন্ধাকারে প্রকাশিত হইয়াছিল; তাহার প্রধান উদ্দেশ্য—যেন ভ্রমপ্রমাদ বিশোধিত হইয়া যায়। পরন্তু তাহার অনুকূল সমালোচনা এবং সম্পাদক ও পাঠকবর্গের আকুল-আগ্রহই অনন্তর ইহাকে পুস্তকাকারে মুদ্রণে অধিকতর সাহসী করিয়াছে। এপক্ষে সর্ব্বোপরি চাক্‌মাজাতির মুকুটমণি শ্রীশ্রীযুত রাজা ভুবনমোহন রায় বাহাদুরের নাম সর্ব্বাগ্রে স্বর্ণাক্ষরে উল্লেখযোগ্য। এই গ্রন্থের পত্রে পত্রে—ছত্রে ছত্রে তদীয় সাহায্যফল রহিয়াছে। মূল পাণ্ডুলিপিখানিও তিনি বহুকষ্ট স্বীকারে দেখিয়া দিয়াছেন এবং মদীয় উৎসর্গ গ্রহণের উত্তরে যে মন্তব্যলিপি প্রেরণ করিয়াছেন, তাহাতে আমার, স্বাভাবিক

গুণগ্রাহিতাবলে আশাতীত প্রশংসিত করা হইয়াছে। মুদ্রাঙ্কণব্যয়েও তিনি বিশেষ সাহায্য করিয়াছেন, ইত্যাদি বহুকারণে কেবল গ্রন্থখানি তাঁহার উৎসর্গ করিয়াই আমি কৃতজ্ঞতামুক্ত নহি, তাঁহার এই অপার স্নেহোপকারের কথা চিরকাল গৌরবের সহিত স্মরণ করিব। মুদ্রাঙ্কণ-ব্যয়ে শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র দেওয়ান, শ্রীযুক্ত ত্রিলোচন দেওয়ান এবং আরও কতিপয় মহোদয়ের প্রদত্ত সাহায্য বহুপরিমাণে উপকার করিয়াছে।

আমার সাহিত্যজীবনের পরমবন্ধু বঙ্গসাহিত্যে সুপরিচিত শ্রীযুক্ত আবদুল করিম মহোদয়ের স্নেহানুকম্পা ইহজীবনে পরিশোধিত হইবার নহে। বলিতে কি, তদীয় সনির্ব্বন্ধ উত্তেজনাতেই এই অকিঞ্চিৎকর সাহিত্যসেবা খবৃত্তিপীড়িত জীবনের বিরল অবসরেও অক্ষুণ্ণ রহিয়াছে। বর্ত্তমান গ্রন্থখানি প্রণয়নেও তিনি বহু নৈরাশ্য-কাতরতায় আশাসোদ্দীপনা প্রদান করিয়াছেন; এবং বিশেষ শ্রম স্বীকারে পাণ্ডুলিপিখানি দেখিয়া দিয়াছেন। সংগ্রহকার্য্যে পরমস্নেহভাজন শ্রীমান্ জিতেন্দ্রনাথ তালুকদার আমার প্রধান সহায়। আমি তাহা হইতে অকুণ্ঠিতচিত্তে সাহায্য লাভ করিয়াছি। তদ্ভিন্ন চাক্‌মা সমাজের উপরোক্ত নেতৃত্রয় এবং বর্ত্তমানে ডেপুটী ইন্‌স্পেক্টারের পদে উন্নীত প্রিয়সুহৃদ্ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র দেওয়ান, বাবু মধুচন্দ্র দেওয়ান প্রভৃতি অনেকেরই সমীপে আমি তজ্জন্য বিশেষভাবে কৃতজ্ঞ। বার্ম্মিজ্ ভাষায় অনভিজ্ঞতা নিবন্ধন সহযোগী শিক্ষক শ্রীযুক্ত মঙ্ অংজাই মহোদয় হইতে যে সাহায্য পাইয়াছি, তন্নিমিত্ত তাঁহাকে অগণ্য ধন্যবাদ প্রদান ব্যতিরেকে কৃতজ্ঞতা প্রকাশের আমার অপর উপায় নাই। কুমার শ্রীযুক্ত রমণীমোহন রায় এবং মিশনারী ডাক্তার জি. ও. টেইলার আমায় ফটোগুলি সংগ্রহ করিয়া দিয়া বিশেষ অনুগৃহীত করিয়াছেন। এতদ্ভিন্ন আমি স্থানীয় প্রধান মিশনারী রেভঃ জি. হিউজ, "বাল্মীকিরঞ্জনের" ইংরাজী অনুবাদক শ্রীযুক্ত রজনীরঞ্জন সেন বি. এল. প্রভৃতি আরও অনেকের আনুকূল্য লাভ করিয়াছি, তন্মধ্যে স্থানীয় সুপারিণ্টেণ্ডেণ্ট আফিসের সেরেস্তাদার শ্রীযুক্ত শ্যামাচরণ বিশ্বাস ও সহযোগী শিক্ষক শ্রীযুক্ত অশ্বিনীকুমার ভট্টাচার্য্য বি. এ. মহাশয়দ্বয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য; তাঁহাদের সমীপে আমি বিশেষ ঋণী।

---

অনন্তর লিখিতেও প্রাণ অবশ হইয়া পড়ে, গ্রন্থ প্রণয়নের এই কয় বৎসরে মদীয় বক্ষে কয়টা সুতীক্ষ্ণ শেলাঘাত পড়িয়াছে, প্রতি চোটেই যেন পঞ্জরাবলী দীর্ণ জীর্ণ হইয়া গিয়াছে! প্রথমতঃ ৬ই পৌষ, ১৩১৩ সাল সুপারিণ্টেণ্ডেণ্ট অফিসের নাজির প্রিয় সুহৃদ্ যতীন্দ্রমোহন দাস মহোদয় অকালে ইহলোক হইতে বিদায় গ্রহণ করেন। এই পুস্তক প্রণয়নে তিনি আমায় অকাতরভাবে সাহায্য করিয়াছেন। পরন্তু ইহার জন্য এত ব্যাকুলচিত্তে অপেক্ষা করিতেছিলেন যে, মৃত্যুর পূর্ব্বদিনও খবর লইয়াছিলেন। সেই বৎসরেই দ্বিতীয় শেলাঘাত আশৈশব বন্ধু জমিদার-কুমার দীনেশচন্দ্র নন্দীকে হারাইয়া! ২৬শে চৈত্র (মঙ্গলবার) আমার এই দুর্ব্বিপাকের দিন। একই পরাণে হাসিয়া খেলিয়া—একই বৃক্ষের শাখাত্রয়ের ন্যায় সে, আমি ও শ্রীযুক্ত রাজেন্দ্রচন্দ্র সেন শিশুকাল হইতে একত্রে বর্দ্ধিত হইতেছিলাম, অহো, দুরন্ত কৃতান্তের নির্ম্মম পদাঘাতে ফুলফলে বিভূষিত না হইতেই তাহার একটি ভাঙ্গিয়া পড়িল; এবং সঙ্গে সঙ্গে অসময়ে ছিন্নশাখ বৃক্ষের মত অবশিষ্ট দুইজনের হৃদয়ও চূরমার হইয়া গেছে!! তৃতীয় আঘাতে কেবল আমি নহি, সমগ্র বঙ্গভূমি তথা আসমুদ্র-হিমাচল ব্যথিত! বিগত ১০ই মাঘ বঙ্গীয় সাহিত্যাকাশের পূর্ণশশী মহাকবি শ্রীমন্নবীনচন্দ্র সেন মহোদয় মহাকালের আবর্ত্তনে চিরদিনের নিমিত্ত অস্তমিত! হায়, এই পুস্তকের ৪১শ পৃষ্ঠা পর্য্যন্ত মুদ্রিত হওয়ার পর তদীয় পুণ্যময় নামের সহিত আর 'শ্রী' যোগ করিতে পারি নাই! অনন্তর মুদ্রাঙ্কণ প্রায় শেষ হইয়া আসার পর, গত ৭ই আষাঢ় অত্রত্য ডেপুটি ইন্‌স্পেক্টর ৺গগনচন্দ্র বড়ুয়া মহোদয় অকস্মাৎ আমাদিগকে ছাড়িয়া গেলেন; তাঁহার নিকট হইতেও আমি এই পুস্তকের জন্য বহু সাহায্য লাভ করিয়াছি। আজ ইঁহারা জীবিত থাকিলে কত যে আগ্রহ সহকারে তাঁহাদের পরম আদরের এই গ্রন্থ গ্রহণ করিতেন, মুদ্রাঙ্কণ সমাপ্ত করিয়া তাহা যতই প্রাণে জাগিতেছে, অশ্রুগতি আর সংবরণ করিতে পারিতেছি না! এই সঙ্গে অব্যবহিত পূর্ব্ববর্ত্তী শিশুপুত্র ও স্নেহময়ী খুড়ীঠাকুরাণীর দুরপনেয় শোকস্মৃতি আর অধিক লেখা অসাধ্য করিয়া তুলিল!!!

মদীয় কৃতজ্ঞতা স্বীকৃতি এখনও শেষ হয় নাই। বরং যাঁহাদিগের অনুকম্পায় এই সামান্য গ্রন্থের গৌরব বৃদ্ধি হইয়াছে, তাঁহাদের উল্লেখই রহিয়া গিয়াছে। এ নিমিত্ত অগাধ প্রত্নতত্ত্ববিদ্ এবং সুপ্রসিদ্ধ পর্য্যটক রায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস বাহাদুর সি. আই. ই. মহোদয়ের নাম সর্ব্বপ্রথমে উল্লেখ কর্ত্তব্য ছিল। তৎকৃত ভূমিকায় এক পক্ষে যেমন গ্রন্থের প্রতিপাদ্য তত্ত্ব অতি সহজভাবে আকৃষ্ট হইয়াছে, পক্ষান্তরে তাহাতে তিনি ভারতেতিবৃত্তের প্রকৃতি ও পরিচয় আলোচনায় স্বকীয় গভীর গবেষণাফল প্রকাশ করিয়াছেন। তদ্দ্বারা দেশের ইতিহাসচর্চ্চার এক নূতন উচ্ছ্বাস ছুটিবে, আশা করা যায়। অনন্তর স্থানীয় সুপারিণ্টেণ্ডেণ্ট মিঃ আর, এইচ্, স্নেইড্ হাচিন্সনের নাম বলা প্রয়োজন। অপরাপর সাহায্য ব্যতীত তাঁহার অনুকম্পায় এই পুস্তকের পক্ষে যে একটি গুরুতর ভ্রম সংশোধন করিতে পারিয়াছি, ততোধিক সন্তোষের বিষয় আর নাই। আমি পূর্ব্বে সেন্সাস্ রিপোর্ট হইতে এই জিলা ও তদধীন সার্কেলাদির পরিমাণ ফল গ্রহণ করিয়াছিলাম, বহিতেও তদনুসারে মুদ্রিত হইয়া গিয়াছে। সম্প্রতি উক্ত মহোদয়ের গভীর অনুসন্ধান ফলে যে বিশুদ্ধ ক্ষেত্রফল স্থির হইয়াছে, শুদ্ধিপত্র ও মানচিত্রে তদনুসারেই সংশোধন করিয়া দেওয়া হইল। তদ্ব্যতীত বিভাগীয় কমিশনার মহোদয়ের অনুগ্রহে অত্রত্য শাসন-বিধানানুবাদ প্রকাশের অনুমোদন এবং শাসনকর্ত্তাদিগের তালিকাদি প্রাপ্ত হওয়াতেও গ্রন্থের উৎকর্ষ বৃদ্ধি হইয়াছে, এবং বঙ্গীয় সাহিত্য পরিষৎ ইহাকে তাঁহাদের গ্রন্থাবলীভুক্ত করিয়া যথার্থই গৌরবান্বিত করিয়াছেন। "পরিষৎ" স্বীয় ব্যয়ে উৎকীর্ণ কয়টী ব্লক ব্যবহার করিতে দিয়াও অশেষ উপকার করিয়াছেন। ইত্যাদির নিমিত্ত ইঁহাদের সকলেরই সমীপে গ্রন্থকার অপরিমেয় কৃতজ্ঞতা-পাশে আবদ্ধ।

সর্ব্বোপরি ধন্যবাদ পরম মঙ্গলময় বিধাতায়। একমাত্র তাঁহারই করুণাবলে, বিশেষতঃ মুদ্রাযন্ত্রের লৌহকবল হইতে প্রায় দেড় বৎসর পরেও গ্রন্থখানি উদ্ধার করিতে পারিয়াছি। পাঠকবর্গ দেখিতে পাইতেছেন, আমার ভাগ্যফলে ইহা পাঁচখানি প্রেস ঘুরিয়া, তবে বাহির হইল। প্রথমে প্রিয় দক্ষিণাবাবুর কমলা প্রেসে সাত মাস পর্য্যন্ত ঘুরিয়া, মুক্তি পাই; দ্বিতীয় প্রেসেও প্রায় ছয়মাস যাবৎ ঘুরিতে হইয়াছিল। অধিকন্তু এই ফাইনআর্ট প্রেস হইতে যে গর্হিত ব্যবহার পাইয়াছি, তাহা বলিতে ঘৃণা হয়। জানি না তাঁহারা মফস্বলবাসী দরিদ্র স্কুল মাষ্টার পাইয়া এরূপ করিলেন, অথবা গ্রাহকমাত্রেরই সহিত এরূপ ব্যবহার! তৃতীয় শ্রীযুক্ত মণিলাল গঙ্গোপাধ্যায় মহোদয়ের প্রেসে নিয়মিতরূপেই কাজ পাইতেছিলাম, কিন্তু অনন্তর তিনিও বা কেন আমায় পরিত্যাগ করিলেন, বুঝিলাম না। অবশেষে মেট্কাফ্ প্রেসের আশ্রয় গ্রহণ করিয়া কোনরূপে রক্ষা লাভ করিলাম। তজ্জন্য ইঁহাদের নিকট আমি সাতিশয় কৃতজ্ঞ; পরন্তু মুদ্রাযন্ত্রের এইরূপ গণ্ডগোলে যে শুদ্ধিপত্র ব্যবস্থা আমি ঘৃণার সহিত দেখিতাম, তাহা এই গ্রন্থললাটেই মুদ্রিত করিতে হইল। আশা করি তজ্জন্য পাঠকবর্গ এই গ্রহবিড়ম্বিত লেখককে ক্ষমা করিবেন। ইতি।

১লা আগষ্ট, ১৯০৯;<br>
রাঙ্গামাটি, পার্ব্বত্য চট্টগ্রাম।

গ্রন্থকারস্য।

# ভ্রম-সংশোধিনী।

পাঠকবর্গের নিকট বিনীত অনুরোধ, তাঁহারা যেন পাঠারম্ভের পূর্ব্বেই নিম্ন-নির্দ্দেশানুসারে গ্রন্থখানি অপেক্ষাকৃত বিশুদ্ধ করিয়া লন, নতুবা অযথা ভুল ধারণা জন্মিয়া গেলে—উভয়েরই পক্ষে অহিতকর হইবে। তাঁহাদের ধৈর্য্যচ্যুতি ভয়ে সহজবোধ্য ত্রুটিগুলির উল্লেখ করা হইল না।—

| পৃঃ ও পং | মুদ্রিত | বিশুদ্ধ। |
|---|---|---|
| ৮।৩ | B. journal, | S. journal |
| ১০।৫ | সহস্র সহস্র যোজন | শত শত মাইল |
| ১১।১৪ | ডোলদগর | ঢোলদগর |
| ২৪।১৬ | চতুর | চঞ্জুের |
| ৩০।১৩ | মন্ত্রজাগিরি | মন্ জাগিরি |
| ৩৩।৭ | ত্রিপুর | ত্রিপুর |
| | সৈন্যবাহিনীকে | বাহিনীকে |
| ৪৩।৬ | ৫১৩৮ | ৫০৭৪০৪ |
| ৪৫।১৯ | ২৪২১ | ২৫৮৫০৯ |
| | ৭৬৩ | ৯৮৯ |
| ।২০ | ২০৬৪ | ১৮৩৫০৫ |
| । | ৬২০ | ৩৬২.৩ |
| ৪৬।২৫ | ২৯.৪ | ১৮.৮৬ |
| | ৩০.৬ | ২৪.০১ |
| ৪৮।১৯ | শণের | ছনের |
| ৫১।২৪ | (thek) থেক | ছেক |
| ৫৬।১৭ | লৌহঝাওয়া | লৌহঝাত্তোয়া |
| ।২১ | লে হাকন্দা | লোহাকন্দা |
| ৭৯।৩ | কার্পাসের করে | কার্পাসকরের |
| ৮০।১২ | ( ৩ ) | ( ১ ) |
| ।২৭ | ( এই টীকা উঠিয়া যাইবে। ) | |
| ।২৯ | ( ৩ ) | ( ১ ) |
| ১০৩।১৭ | মানুষেং | মানুষের |
| ১১৫।২৬ | হাকিম | হামিদ [ চন্দ্র। |
| ১২৬।২ | শ্রীযুক্ত নীলচন্দ্র | পরলোকগত নীল- |
| ।৪ | শ্রীযুক্ত ঈশ্বর | পরলোকগত ঈশ্বর |
| ।৬ | পাশ্চাত্য | পার্ব্বত্য |
| ১৪৩।২৩ | ৮৯৮ | ১৮৯৮ |
| ১৩৬।৫ | ৩ ৪ | ৩।৪ |
| ১৫৬।৮ | পরিচ্ছদ | পরিচ্ছেদ |
| ১৬৬।২৩ | কাষ্ঠ | কষ্ট |
| ১৭৭।২০ | একন | এমন |
| ১৮১।৩০ | সংমিশ্রণে পাওয়া | ( এই দুই শব্দের মধ্যে পরবর্ত্তী পৃষ্ঠার দ্বিতীয় পংক্তির "ক্রমে", হইতে সমস্ত ৩য় পংক্তি আসিবে ) |
| ১৮৪।১২ | শোবস্থা | শেষাবস্থা |
| ১৮৯।২৬ | তাঁহাদিগরে | তাঁহাদিগকে |
| ১৯৩।১০ | কান্ত হৃদয়েশ্বরকে | ( এই দুই শব্দের মধ্যে পরবর্ত্তী পংক্তির 'তাঁহার' শব্দটী আসিবে ) |
| ২০১।১০ | সরোবরে | সরোবর |
| ২২১।২৭ | সুখ | সুখের |
| ২৪২।২৫ | কর্ত্তব্যানুশাসন | কর্ত্তব্যানুশাসক |
| ২৪৩।১০ | ইহয়ে | হইয়ে |
| ২৮২।২৪ | হয় না | হয় |
| ।২৭ | ১৩৮৫ | ১৩৫১.২ |
| ২৮৩।৩ | সম্মিহিত | সন্নিহিত |
| ৩০১।১৮ | ( মার্জিনের 'সচিত্র' হেডিং উঠিয়া যাইবে ) | |
| ৩০২।৩ | "ছায়ো" | "ছায়োয়া" |
| ৩০৩।২২ | বেদ | বেধ |
| ৩০৬।৬ | গো-চরণ | গো-চারণ |
| ৩১২।১৫ | কনষ্টাবল | কনষ্টাবলের |
| ৩২৪।৬ | অনুকরণ | অনুকরণে |
| ।১৫ | 'জেধৈই" | "জেধেই" |
| ৩২৭।৯ | ( ব্রহ্মা ) | [illegible] |
| ৩২৯।১৯ | 'হ' | 'হু' |
| ৩৪০।৪ | লুম্বেগৈ | লুম্মেগে |
| ৩৪২।৩২ | মগল | মোগল |
| ৩৪৪।২৪ | তাম্বুন | তাথুন |
| ।২৮ | দিনলাই | দিনাই |
| ।৩২ | চিৎমবং | চিৎমরং |
| ৩৪৫।২ | তা-ঝিয়োয়ে | তা ঝিয়োরে |
| ।( ১৩শ হইতে ২৩শ পংক্তি পাদটীকায় যাইবে ) | | |
| ৩৪৬।৮ | রাজ্ঞ | বাজ্ঞ |

| পৃঃ ও পং | মুদ্রিত | বিশুদ্ধ |
|---|---|---|
| ।১১ | দ্বরা | ছরা |
| ৩৫১।২৮ | বর্ণোশুদ্ধিতে | বর্ণাশুদ্ধিতে |
| ৩৫৮।২৭ | ৩০টী | ২৬টী |
| । (৩১ ও ৩২শ পংক্তি টীকা; উত্তরে শেষে যাইবে। | | |
| ৩৬০।১৭ | ভব্যফল | ভক্ষ্যফল |
| ৩৬২।১১ | বহুবধ | বহুবিধ |
| ৩৬৪ ৩ | ছাক্ | চাক্ |
| ৩৬৮।২ | হইয় | হইয়া |
| ৩৭৪।১৩ | ধানাদি | ধনেদি |
| ৩৭৫।২ | কাপড়ন | কাপড়ান |
| ৩৭৬।২২ | ভজ্জদাক্ | ভজিদাক্ |
| ৩৭৭।৩০ | জুণের | জুমের |
| ৩৭৮।২২ | মথাদ | মথাব্দ |
| ৩৭৯।১৯ | আরেরে | আরেয়ে |
| ৩৮২।৪ | নিছিরোইৎ | নিছিরেইৎ |
| ।২০ | জুম্মানা | জুম্মান |
| ।২৪ | খাদৎ | ঘাদৎ |
| ৩৮৫।১৮ | অন্তব্যের | মন্তব্যের |
| ৩৮৯।২৪ | যে | যখন |

# চিত্রসূচী।


শ্রীশ্রীযুত রাজা ভুবনমোহন রায় ( হাফ্‌টোন ... উৎসর্গলিপি।
পার্ব্বত্য চট্টগ্রামের মানচিত্র ( লিথো ) ... প্রারম্ভপত্র।
চাক্‌মাপরিবারের গ্রুপ্ ( হাফ্‌টোন ) ... ২ পৃষ্ঠা
গৃহচিত্র ( হাফ্‌টোন ) ... .. ৪৮ ,,
ঘরের নক্সা ( উডব্লক ) ... ,, ,,
সিংহধ্বজা ( ছাপ ) মুদ্রা ... ... ৬৯ ,,
ফতেখাঁর ,, ,, , ... ... ,, ,,
শুকদেব রায়ের ,, ,, ,, ... ... ৭৩ ,,
জানবক্সখাঁর ,, ,, ,, ... ... ৭৬ ,,
জব্বরখাঁর ,, ,, ,, ... ... ৮১ ,,
ধরমবক্সখাঁর ,, ,, ,, ... ... ৮৩ ,,
কালিন্দীরাণীর স্বাক্ষর ,, ,, ... ... ১০৮ ,,
মহামুনির মন্দির ( হাফ্‌টোন ) ,, ... ... ১১২ ,,
মহিলার কাষ্ঠবহন ,, ,, ... ... ১৬৫ ,,
শবের রথটানা ,, ,, ... ২৩১ ,,
বস্ত্রবয়ন ,, ,, ... ... ২৯৮ ,,
চাক্‌মা বর্ণাবলী ( উডব্লক ) ,, .. .. ৩২৭ ,,
চাক্‌মাবর্ণে দুইটীবাক্য,, ,, ... ... ,, ,,